



জাকসু নির্বাচন বর্জনের পর ক্যাম্পাসে ছাত্রদলের বিক্ষোভ মিছিল



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাকসু) ও হল সংসদ নির্বাচন বর্জনের ঘোষণা দেওয়ার পর বৃহস্পতিবার রাতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল। সংগঠনটির অভিযোগ, জামায়াত সংশ্লিষ্ট কোম্পানির ছাপানো ব্যালটে ভোটগ্রহণ করে কারচুপির চেষ্টা করা হচ্ছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন বর্জনের সিদ্ধান্ত ঘোষণার পর বৃহস্পতিবার রাত সোয়া নয়টার দিকে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে ছাত্রদল।

মিছিলটি নতুন কলাভবনের সামনে থেকে শুরু হয়ে জাকসু নির্বাচন কমিশনের কার্যালয়ের সামনের সড়ক প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের পরিবহণ চত্বরের দিকে অগ্রসর হয়। এ সময় ছাত্রদলের নেতাকর্মীরা স্লোগান দেন— “বয়কট বয়কট, জাকসু বয়কট”, “প্রহসনের জাকসু, বয়কট বয়কট”। এর আগে বেলা পৌনে ৪টার দিকে ভাসানী হলে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে নির্বাচন বর্জনের ঘোষণা দেয় সংগঠনটি। সংবাদ সম্মেলনে ছাত্রদল অভিযোগ করে, জামায়াতে ইসলামীর মালিকানাধীন একটি কোম্পানির ছাপানো ব্যালটে ভোটগ্রহণ চলছে এবং এর মাধ্যমে কারচুপির চেষ্টা করা হচ্ছে।